সমকাল
১৬/০৯/২০১৮

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন
## শিল্প মন্ত্রণালয়

৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.npo.gov.bd

নং ৩৬.১০.০০০০.০০৩.১১.০৫৬.১৬-৮৯০

তারিখঃ ২৮ ভাদ্র ১৪২৫
১২ সেপ্টেম্বর ২০১৮

# নিয়োগ বিজ্ঞপ্তি

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর রাজস্ব খাতভুক্ত নিম্নে বর্ণিত স্থায়ী শূন্য পদ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জা. বে. স্কেল ২০১৫ অনুযায়ী) | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী গ্রেডঃ ১২ (১১৩০০-২৭৩০০/-) | ১৮-৩০ বৎসর | ৬(ছয়) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি, পরিসংখ্যান, ভূগোল, গণিত ও সমাজ বিজ্ঞানে স্নাতক ডিগ্রী। | (ক) সরকারি/বেসরকারি এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীগণের ক্ষেত্রে সকল বিভাগের অন্তর্গত জেলা সমূহের প্রার্থীগণ আবেদন করতে পারবেন। (খ) (১) ঢাকা বিভাগের অন্তর্গত গাজীপুর, মুন্সীগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ ও কিশোরগঞ্জ জেলা (২) ময়মনসিংহ বিভাগের অন্তর্গত ময়মনসিংহ জেলা (৩) চট্টগ্রাম বিভাগের অন্তর্গত ব্রাহ্মণবাড়িয়া ও কুমিল্লা জেলা (৪) রাজশাহী বিভাগের অন্তর্গত রাজশাহী, সিরাজগঞ্জ ও নাটোর জেলা (৫) রংপুর বিভাগের অন্তর্গত গাইবান্ধা ও কুড়িগ্রাম জেলা (৬) খুলনা বিভাগের অন্তর্গত যশোর ও কুষ্টিয়া জেলা (৭) বরিশাল বিভাগের অন্তর্গত বরিশাল ও পটুয়াখালী জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। |
| ০২ | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর। গ্রেডঃ ১৩ (১১০০০-২৬৫৯০/-) | -ঐ- | ১(এক) | সাঁটলিপিতে ইংরেজী ও বাংলায় যথাক্রমে ১০০ ও ৭০ শব্দের গতিসম্পন্ন এবং ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২৫ শব্দের গতিসহ স্বীকৃত বোর্ড হতে এইচ, এস,সি পাশ। | |
| ০৩ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেডঃ ১৬ (৯৩০০-২২৪৯০/-) | -ঐ- | ১(এক) | ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ ইংরেজী ও বাংলায় যথাক্রমে ২০ ও ২০ শব্দের গতিসহ স্বীকৃত বোর্ড হতে এইচ, এস, সি পাশ। | |
| ০৪ | অফিস সহায়ক। গ্রেডঃ ২০ (৮২৫০-২০০১০/-) | -ঐ- | ৪(চার) | শারীরিক দক্ষতাসহ অষ্টম শ্রেণি পাশ। | (ক) সরকারি/বেসরকারি এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীগণের ক্ষেত্রে সকল বিভাগের অন্তর্গত জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। (খ) (১) ঢাকা বিভাগের অন্তর্গত গাজীপুর, নারায়ণগঞ্জ ও টাঙ্গাইল জেলা (২) চট্টগ্রাম বিভাগের অন্তর্গত ব্রাহ্মণবাড়িয়া ও কুমিল্লা জেলা (৩) খুলনা বিভাগের অন্তর্গত কুষ্টিয়া জেলা এবং (৪) বরিশাল বিভাগের অন্তর্গত বরিশাল জেলার প্রার্থীগণ আবেদন করার প্রয়োজন নেই। |
| ০৫ | নিরাপত্তা প্রহরী গ্রেডঃ ২০ (৮২৫০-২০০১০/-) | -ঐ- | ১(এক) | শারীরিক দক্ষতাসহ অষ্টম শ্রেণি পাশ। | |

২। নিম্নে বর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ

(১) আগামী ১৮-১০-২০১৮খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৩নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে কোনক্রমেই এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

(২) সরকারি/আধাসরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;

(৩) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

(৪) লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

(৫) মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Formসহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এ ছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/পুত্র কন্যার পুত্র কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার/পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

(৬) কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

(৭) সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। ০২ ও ০৩ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন;

(৮) আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলীঃ

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক http://npo.teletalk.com.bd এ ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ : ১৭.০৯.২০১৮।

ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ১৮.১০.২০১৮।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন;

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে;

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুনঃপূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন:

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন;

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান ঃ Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১-৩নং ক্রমিকের জন্য ১০০/- (একশত) টাকা এবং ৪ ও ৫ নং ক্রমিকের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS : NPO<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : NPO ABCDEF Reply: Applicant's Name, TK. 100/50 will be charged as application fee. Your PIN is XXXXXXXX. To pay fee Type NPO <space>YES<space>PIN and send to 16222 নম্বরে।

দ্বিতীয় SMS: NPO<space>YES<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: NPO YES XXXXXXXXX Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for NPO Application for XXXXXXXXXXXX User ID is (ABCDEF) and password (XXXXXXX)

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://npo.teletalk.com.bd অথবা ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন এর website: www.npo.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে NPO<space>Help<space>User<space>User ID & Send to 16222 নম্বরে।

Example: NPO HELP USER ABCDEF

ii. PIN Number জানা থাকলে NPO<space>Help<space>PIN<space>PIN No& Send to 16222 নম্বরে।

Example: NPO HELP PIN 12345678

ক. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে ০১৫৫৭৭৬ ৮০ ০৫ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

০৯. বিজ্ঞাপনে উল্লেখিত পদ/পদসমূহে চূড়ান্ত নিয়োগের সময় সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

১০. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

এস.এম. আশরাফুজ্জামান
পরিচালক (যুগ্ম সচিব)

জিডি-১১৫০/১৮ (১৫"×৪)